প্রথম আলো

# নকলমুক্ত পরীক্ষা গ্রহণে অবদানের জন্য পুরস্কার

চাঁপাইনবাবগঞ্জ প্রতিনিধি

চাঁপাইনবাবগঞ্জ নকলমুক্ত পরিবেশে এইচএসসি পরীক্ষা গ্রহণ করার ক্ষেত্রে কৃতিত্বপূর্ণ অবদান রাখার জন্য জেলার কয়েকজন কলেজ শিক্ষক ও প্রশাসনিক কর্মকর্তাকে পুরস্কৃত করা হয়েছে। বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি, জেলা শাখা ও জেলা কলেজ শিক্ষক-কর্মচারী কল্যাণ সমিতি যৌথভাবে এ পুরস্কার প্রদান করে।

জেলা শহরের শহীদ সাটু হলে সম্প্রতি 'পাবলিক পরীক্ষার ফলাফল পর্যালোচনা ও শিক্ষার মানোন্নয়ন' শীর্ষক এক আলোচনা অনুষ্ঠানে নকলমুক্ত পরীক্ষা গ্রহণে অবদানের জন্য শিক্ষক ও কর্মকর্তাদের পুরস্কারে ভূষিত করা হয়।

এরা হলেন জেলা প্রশাসক নুরুল হক, পুলিশ সুপার রুহুল আমিন, আলাবক্স ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক বজলুল হক, শাহ নেয়ামতুল্লাহ কলেজের প্রভাষক হাসিব হোসেন, গোলাম মোস্তফা, শিবগঞ্জ ডিগ্রি কলেজের প্রভাষক আবু বাক্কার, শিবগঞ্জের সহকারী কমিশনার (ভূমি) ফরিদউদ্দীন ও ১ম শ্রেণীর ম্যাজিস্ট্রেট দেওয়ান মোঃ হুমায়ুন কবীর। এছাড়া পরীক্ষা সংক্রান্ত প্রতিবেদন প্রকাশের জন্য প্রথম আলোর প্রতিনিধি আনোয়ার হোসেন দিলুকেও উপহারস্বরূপ ক্রেস্ট প্রদান করা হয়।

জেলা কলেজ শিক্ষক সমিতি ও কল্যাণ সমিতির সভাপতি অধ্যক্ষ সাইদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আফতাব উদ্দীন মণ্ডল, অতিরিক্ত পুলিশ সুপার সিকান্দার বাদশা মিয়া, পৌর চেয়ারম্যান মঈনুদ্দীন মণ্ডল, অধ্যাপক তরিকুল ইসলাম, পিপি শামসুল হক, শফিকুল আলম ভোতা, অধ্যক্ষ একরামুল হক প্রমুখ।

সভায় জেলায় শিক্ষার মানোন্নয়নে আরো কয়েকটি সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এগুলো হলো প্রতি থানায় প্রশাসন, শিক্ষক, অবসরপ্রাপ্ত দক্ষ শিক্ষক, রাজনৈতিক ও সামাজিক নেতৃবৃন্দ ও শিক্ষানুরাগী ব্যক্তিবর্গকে নিয়ে শিক্ষা উন্নয়ন কমিটি গঠন, প্রতি কলেজ এলাকার উচ্চ বিদ্যালয় ও উচ্চ বিদ্যালয় এলাকার প্রাথমিক বিদ্যালয়গুলোতে উদ্বুদ্ধকরণ কার্যক্রম গ্রহণ, শিক্ষাঙ্গণগুলোতে ছাত্র সংগঠনগুলোর অপ্রীতিকর ও শিক্ষার পরিবেশ পরিপন্থী কার্যকলাপ বন্ধ ও এ ব্যাপারে রাজনৈতিক নেতৃবৃন্দের সক্রিয় সমর্থন আদায়, নিজ কলেজে পরীক্ষা কেন্দ্র না করা সহ বিভিন্ন পদক্ষেপ গ্রহণ।

অনুষ্ঠানে রাজশাহী শিক্ষা বোর্ডের কলেজ সমূহের বিদায়ী পরিদর্শক অধ্যাপক ড. সিরাজউদ্দীন ও শিক্ষক সমিতির প্রাক্তন জেলা সভাপতি ও শাহ নেয়ামতুল্লাহ কলেজের অবসরপ্রাপ্ত অধ্যক্ষ নিজাম উদ্দীন শাহকে বিদায় সংবর্ধনা দেওয়া হয়।